17

ভোরের কাগজ

তারিখ ... AUG. 01 1999
পৃষ্ঠা ২ কলাম ৬

# আইআইটিতে ভর্তি

ইসলামিক ইনস্টিটিউট অফ টেকনোলজি (আইআইটি) ঢাকার অদূরে টঙ্গীতে অবস্থিত প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ক একটি আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান। আইআইটি বিভিন্ন ইসলামিক দেশ, দাতা প্রতিষ্ঠানের সাহায্যপুষ্ট ওআইসির একটি অঙ্গ প্রতিষ্ঠান। ইসলামি বিশ্বের প্রযুক্তি ও অর্থনৈতিক ক্ষেত্রে দ্রুত উন্নয়নের জন্য প্রকৌশল ও কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য ওআইসি কর্তৃক আইআইটি প্রতিষ্ঠিত হয়েছে। বর্তমানে ওআইসির সদস্যভুক্ত দেশের প্রায় ৪০০ শিক্ষার্থী বিভিন্ন বিষয়ে এখানে পড়াশোনা করছে। তবে নতুন দ্বিতীয় একাডেমিক ভবন ও নতুন ছাত্রাবাসের নির্মাণকাজ সম্পন্ন হলে এখানে ৯৫০ জন শিক্ষার্থীর পড়াশোনার সুযোগ নিশ্চিত হবে।

**কোর্সসমূহ**

এখানে বর্তমানে প্রকৌশল বিষয়ক চার বছরমেয়াদি স্নাতক কোর্স, দুই বছরমেয়াদি ব্যাচেলর কোর্স এবং এক বছর ব্যাপ্তিকালের ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। এক বছরমেয়াদি স্নাতক কোর্সে পড়ানো হয়— ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রনিকস, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। আর গত শিক্ষা বছর থেকে চালু হয়েছে, 'কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি' শীর্ষক সমন্বিত আধুনিক ও যুগোপযোগী কোর্স— যা বাংলাদেশের আর কোথাও পড়ানো হয় না।

**ক্যাম্পাস পরিচিতি**

ওআইসি সদস্যভুক্ত অপরাপর দেশের শিক্ষার্থীদের মতো এখানে বাংলাদেশী শিক্ষার্থীদেরও পড়ার সুযোগ রয়েছে। যেহেতু এটি একটি আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠান তাই এখানকার পড়াশোনার মানও যথেষ্ট উন্নত এবং এখান হতে অর্জিত সার্কিফিকেট ও ডিগ্রি অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউট হতে প্রাপ্ত সার্টিফিকেটের মতো আমাদের দেশসহ বিশ্বের সর্বত্র সমভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য। এখানে অধ্যয়নের মাধ্যমে আধুনিক স্থাপত্য ও সৌকর্যসমৃদ্ধ মনোরম ক্যাম্পাসের সৌন্দর্য ও সুবিধা উপভোগের পাশাপাশি কোলাহলমুক্ত সুষ্ঠু পরিবেশে একটি আন্তর্জাতিক শিক্ষা প্রতিষ্ঠানে পড়ার স্বাদ ও দারুণ অভিজ্ঞতা অর্জন করতে পারেন।

**কোর্সের সময়কাল এবং ভর্তি যোগ্যতা**

সাধারণত মে-জুন মাসে সীমিতসংখ্যক আসনে বাংলাদেশী শিক্ষার্থী ভর্তির জন্য বিজ্ঞপ্তি শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন ইংরেজি-বাংলা জাতীয় দৈনিকে প্রকাশিত হয়ে থাকে। চার বছরমেয়াদি স্নাতক কোর্সে ভর্তির যোগ্যতা বিজ্ঞান বিভাগে এইচএসসি পাস বা সমমানের ডিগ্রি এবং আপনাকে অবশ্যই ইংরেজিতে পারদর্শী হতে হবে।

**ভর্তি পদ্ধতি**

এখানকার সব কোর্সের মিডিয়া ইংরেজি। এজন্য অধ্যয়ন থাকাকালীন সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/কর্মরত প্রতিষ্ঠানের প্রধান হতে ইংলিশ প্রোফিসিয়েন্সি সার্টিফিকেট আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হয়। ভর্তিচ্ছু প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদনপূর্বক সকল শিক্ষাগত যোগ্যতা, সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি ও তিনকপি পাসপোর্ট সাইজের ছবি— পরিচালক (প্রশিক্ষণ অপারেশন), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, ৮৯/২ কাকরাইল, ঢাকায় ডাকযোগে বা সরাসরি পাঠাতে হয়। আর চাকরিতে কর্মরতদের যে সকল কোর্সে অংশগ্রহণের সুযোগ রয়েছে তার আবেদনপত্র সঙ্গে অন্যান্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। আর আবেদনপত্র প্রেরণের সময় খামের উপর অবশ্যই কোর্সের নাম উল্লেখ করতে হয়।

প্রার্থী নির্বাচন ভর্তিচ্ছু প্রার্থীদের এইচএসসি বা সমমানের পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়নবিদ্যা, গণিত ও ইংরেজি বিষয়ে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে হয়ে থাকে। এবং ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীকে আইআইটিতে রেজিস্ট্রেশনের পূর্বে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে ৪৫০০ ইউএস ডলার প্রদান করতে হয়। বিনিময়ে চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীরা ফ্রি থাকা-খাওয়ার সুবিধাসহ আইআইটি প্রদত্ত অন্যান্য প্রচলিত সুযোগ-সুবিধা ভোগ করে। সার্বিক বিচারে এখানকার শিক্ষা ব্যয়, পড়াশোনার মান ও অন্যান্য সুযোগ-সুবিধা তুলনামূলকভাবে ভালো।

☐ বিস্ময় আহসান
☐ *অনুলিখন*-রিপন ইমরান